

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১০৫৮

আগরতলা, ৫ জুন, ২০২৫

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

“রতনপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের বাউন্ডারি ওয়াল নির্মাণকাজ মাঝপথে বন্ধ হয়ে আছে,” এই শিরোনামে গত ৩ জুন, ২০২৫ দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এ বিষয়ে দক্ষিণ জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের দেওয়া রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, রতনপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের পেছনের দিকের বাউন্ডারি ওয়াল নির্মাণের কাজ ইতিমধ্যেই সম্পন্ন হয়েছে। তবে, জমি সংক্রান্ত কারণে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের সামনের অংশের বাউন্ডারি ওয়াল নির্মাণের কাজ প্রক্রিয়াধীন। এই অংশটি মূলত হাসপাতাল প্রতিষ্ঠার সময় অনুদানের অংশ ছিল। কিন্তু পরে নথিতে দেখা গেছে যে এতে স্থানীয় এক বাসিন্দার জমি অন্তর্ভুক্ত। এই জমি সংক্রান্ত বিষয়টি ইতিমধ্যেই দক্ষিণ জেলা প্রশাসনের নজরে নেওয়া হয়েছে। গত এক বছরে জেলা প্রশাসন বিষয়টি সমাধানের জন্য একাধিক প্রচেষ্টা করেছেন। দক্ষিণ জেলার সিএমও এবং ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট অ্যান্ড কালেক্টর, সংশ্লিষ্ট ভূমি মালিকের সাথে পারস্পরিক বোঝাপড়ার জন্য একাধিকবার বৈঠক করেছেন। পরবর্তী সময় এই জমি স্বাস্থ্য দপ্তরের কাছে আনুষ্ঠানিক হস্তান্তরের সুবিধার্থে ৯২,২৩৫ টাকা ক্ষতিপূরণ বাবদ জমির মালিক পারস্পরিক আলোচনায় সম্মত হয়েছিলেন। এই অর্থ দক্ষিণ জেলার বিলোনিয়া এসডিএম অফিসে রাখা হয়েছে। সংশ্লিষ্ট ব্যক্তিকে ক্ষতিপূরণের অর্থ সংগ্রহ করে জমি হস্তান্তরের জন্য অনুরোধ করা হয়েছিল। তবে, নির্ধারিত তারিখে তিনি এসডিএম অফিসে উপস্থিত হননি। প্রশাসন ওই ব্যক্তির সাথে নিয়মিত যোগাযোগ রাখছে। বিষয়টি নিষ্পত্তির পরই অবশিষ্ট নির্মাণ কাজ সম্পন্ন করা হবে।
